

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৬০.২০১৬-২০৬

তারিখঃ ২২ জানুয়ারী ২০১৬ বঙ্গাব্দ  
২৬.০৬.২০১৬ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ রুবিনা লায়লা (১২৪১৩৬), প্রাক্তন সহকারী সার্জন, সাদেকপুর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, ভৈরব, কিশোরগঞ্জ গত ১০.০৩.২০১২ খ্রিঃ তারিখ হতে ০২.১০.২০১৬ খ্রিঃ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা বুজু করে ১৯.০৪.২০১৬ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.১৬০.২০৬৫-৯১৫ নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ১২.১২.২০১৭ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৬০.২০১৬-৪৮৭ নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক না হওয়ায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ১৬.০৪.২০১৮ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০০১.২০১৮-৬৫ নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ০৬.০৬.২০১৮ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) ( সরকারি কর্মচারী শৃংখলা ও আপীল, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী) বিধি মোতাবেক ডাঃ রুবিনা লায়লা (১২৪১৩৬), প্রাক্তন সহকারী সার্জন, সাদেকপুর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, ভৈরব, কিশোরগঞ্জকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১০.০৩.২০১২ খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
(মোঃ মিরাজুল হক খান)  
সচিব

উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা।

[পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃংখলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল]

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৬০.২০১৬-২০৬/১১)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটার ও সংশ্লিষ্ট কর্মকর্তার পিডিএস-এ সংরক্ষণ করার জন্য)।
- ৪। যুগ্মসচিব (পার-১ অধিশাখা / পার-২ অধিশাখা) / উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য)।
- ৭। সিভিল সার্জন, কিশোরগঞ্জ।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভৈরব, কিশোরগঞ্জ।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। ডাঃ রুবিনা লায়লা (১২৪১৩৬), প্রাক্তন সহকারী সার্জন, সাদেকপুর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, ভৈরব, কিশোরগঞ্জ।  
(যোগাযোগ ঠিকানাঃ সি-এস-২/ই, শাজাহানপুর রেলওয়ে কলোনী, ডাকঘর-শান্তিনগর-১২১৭, মতিবিল, ঢাকা)।

(শামীমা নাসরীন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮